গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.gecp.edu.bd
e-mail:edwardcollegebd@yahoo.com

স্মারক নং-সএক/৭৬ তারিখ- ১৯/০১/২০২৫ খ্রি.

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ১ম রিলিজ স্লিপে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি ঃ

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অত্র কলেজে ০৩ (তিন) বছর মেয়াদী স্নাতক (পাস) কোর্সে ১ম বর্ষে ( বি.এ/ বি.এস.এস/ বি.বি.এস/ বি.এসসি) **১ম রিলিজ স্লিপে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের** ভর্তি কার্যক্রম অনলাইনে নিম্নলিখিত তারিখ ও সময়সূচী অনুযায়ী সম্পন্ন করা হবে।

১। চূড়ান্ত ভর্তি ফরমপূরণ, জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ ফি জমাদানের নিয়মাবলী ঃ

| ক্রমিক | শিক্ষার্থীর করণীয় | | তারিখ |
|---|---|---|---|
| ক) | ১ম রিলিজ স্লিপে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions ) থেকে **অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের শেষ তারিখ:** | | ২৬/০১/২০২৫ খ্রি. |
| খ) | ১ম রিলিজ স্লিপে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত **শিক্ষার্থী কর্তৃক চূড়ান্ত ভর্তি ফরমসহ ভর্তি ফি কলেজে জমাদান ঃ ভর্তি ফি-এর বিবরণ ঃ** | | ১৯/০১/২০২৫ থেকে ২৬/০১/২০২৫ খ্রি. পর্যন্ত |
| | ১) কলেজের বেতন ও সেশন | ২,৪১৬.০০ | |
| | ২) নির্বাচনী পরীক্ষা ফি | ৩৫০.০০ | |
| | ৩) ইনকোর্স ফি | ২০০.০০ | |
| | ৪) ব্যবস্থাপনা ফি | ৫০.০০ | |
| | ৫) জাতীয় বিশ্ববিদ্যালয় রেজি. ফি | ৪৮৫.০০ | |
| | সর্বমোট= | ৩,৫০১.০০ | |
| গ) | **চূড়ান্ত ভর্তি ফরম জমাদানের স্থান ও সময় ঃ প্রশাসনিক ভবনের নীচ তলায় ( হিসাব রক্ষকের অফিসের পাশে) ভর্তি কমিটির নিকট (ছুটির দিন ব্যতিত)১৯/০১/২০২৫ থেকে ২৬/০১/২০২৫ খ্রি.বেলা ১০.৩০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত।** | | |
| ঘ) | **টাকা জমাদান পদ্ধতি : ভর্তির টাকা কলেজের নির্দিষ্ট সফটওয়্যার লিংক-eSHIKSA-এ প্রবেশ করে নির্ধারিত ধাপসমূহ অনুসরণ করে সম্পন্ন করতে হবে।** | | |

**২। পাঠ্যক্রম ও পাঠ্যসূচি ঃ** একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ০৩ ( তিন) বছর মেয়াদী ডিগ্রী পাস কোর্সের পাঠ্যক্রম ও পাঠ্যসূচি সংক্রান্ত রেগুলেশনে বর্ণিত বিষয়গুচ্ছ অনুযায়ী শিক্ষার্থীকে পাঠ্য বিষয় নির্বাচন করতে হবে।

| স্নাতক(পাস)কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | ঐচ্ছিক/নৈর্বাচনিক বিষয়সমূহ |
|---|---|---|
| বি.এ (পাস) | ১)স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা( ২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | নিম্নে প্রদত্ত গুচ্ছসমূহের যে কোন তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নির্বাচন করা যাবে না।<br><br>ক)-গুচ্ছ ঃ বাংলা( ঐচ্ছিক)/ ইংরেজি ঐচ্ছিক/আরবী<br>খ-গুচ্ছ ঃ ইতিহাস /ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>গ-গুচ্ছ ঃ দর্শন<br>ঘ-গুচ্ছ ঃ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ রাষ্ট্রবিজ্ঞান<br>ঙ-গুচ্ছ ঃ ইসলামী শিক্ষা/ গণিত |
| বি.এস.এস (পাস) | ১)স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা( ২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ক- গুচ্ছ থেকে ০২ (দুটি) এবং খ-গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br><br>ক-গুচ্ছ ঃ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ রাষ্ট্রবিজ্ঞান<br>খ-গুচ্ছ ঃ ইতিহাস /ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইসলামী শিক্ষা/দর্শন/ আরবী |
| বি.বি.এস (পাস) | ১)স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা( ২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ক- গুচ্ছ থেকে ০২ (দুটি) এবং খ-গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br><br>ক-গুচ্ছ ঃ হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা<br>খ-গুচ্ছ ঃ অর্থনীতি |
| বি.এসসি (পাস) | ১)স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ক- গুচ্ছ থেকে ০২ (দুটি) এবং খ-গুচ্ছ থেকে ০১ (একটি)<br>অথবা<br>গ-গুচ্ছ থেকে ০২ (দুটি) ও ঘ-গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br><br>ক-গুচ্ছ ঃ পদার্থবিজ্ঞান ও গণিত<br>খ-গুচ্ছ ঃ রসায়ন/উদ্ভিদবিজ্ঞান/ প্রাণিবিজ্ঞান<br>অথবা<br>গ-গুচ্ছ ঃ উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান<br>ঘ-গুচ্ছ ঃ রসায়ন/পদার্থবিজ্ঞান / গণিত |

### ৩। শর্তসমূহ ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ অথবা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

খ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

গ) ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে ভর্তি ফরমে কোন তথ্য ভুল বা অসম্পূর্ন বলে প্রমানিত হলে তার ভর্তি ফরম / চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৪। ভর্তি ফরমের (কলেজের ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম) সাথে যেসকল কাগজাদি জমা দিতে হবে ঃ

ক) টাকা জমাদানের স্লিপ

খ) এস.এস.সি/ সমমান ও এইচ.এস.সি / সমমান পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি

খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

বিস্তারিত জানার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions থেকে ভর্তি নির্দেশিকা দেখার জন্য বলা হলো।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মো: আব্দুল আউয়াল মিয়া)
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

আহবায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি ২০২৩-২০২৪
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

স্মারক নং-সএক/৭৩/২৬

তারিখঃ ১৯/০১/২০২৫ খ্রি.

**অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ**

১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২-১৯। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২০। আহবায়ক, ডিগ্রী (পাস) কোর্স পরিচালনা কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২১। আহবায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)

২২। হিসাবরক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২৩। অফিসনথি।

আহবায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি ২০২৩-২০২৪
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা